



বিতর্কের মধ্যে সেরা জাবি

জাতীয় বাজেট নিয়ে দেশব্যাপী চলছিল জল্পনা-কল্পনা। কেমন বাজেট হবে, কোন ক্ষেত্রে কত নির্ধারণ করা হবে, কোন পণ্যে কত কমানো-বাড়ানো হবে, করমুক্ত আয় সীমা কত হবে এমন প্রশ্নাবে যখন জাতীয় সংসদ ছিল প্রাণোচ্ছল, তখন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে চলছিল 'সিএসআর' আজ বহুজাতিক কোম্পানির জন্য ব্র্যান্ডিং ও কর ফাঁকি নিয়ে বিতর্কিকদের ছায়া সংসদ। পক্ষে-বিপক্ষে যুক্তি-তর্ক। সরকার আর বিরোধী দলের সামনাসামনি রুদ্রাতাপূর্ণ অবস্থান। সরকার দলে প্রিমিয়াম বিশ্ববিদ্যালয় আর বিরোধীর ডুমিকায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের তর্কিকেরা যুক্তি উপস্থাপন করে চলেছেন। অবশেষে ১১ সদস্যের বিচারকমন্ডলীর সর্বোচ্চ ব্যালট পেয়ে বিজয়ের মুকুট উঠল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের তর্কিকদের মাথায়ই।

'ঐতিহ্যের বুননে রচি গৌরবের ইতিহাস' শ্লোগানকে ধারণ করে প্রথমবারের মতো জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এআইএস ডিবেট ফোরাম বিশ্ববিদ্যালয় পর্যায়ের ৩২ দল নিয়ে 'সহজ ডটকম আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতা-২০১৫' আয়োজন করে।

বিজয়ী দলের তিন বিতর্কিক হলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ডিবেট অর্গানাইজেশনের সাধারণ সম্পাদক ও প্রজ্ঞতত্ত্ব বিভাগের শেখ রাহাত রহমান, অর্থনীতি বিভাগের মুসফিকুস সালেহীন ও দর্শন বিভাগের আকিফ মাসুমী।

শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হন রাহাত। অনুভূতির কথা জানাতে গিয়ে বলেন, যে কোন পুরস্কারই আনন্দের। আর সেটি যদি হয় চ্যাম্পিয়ন দলের শ্রেষ্ঠ বক্তা হওয়া সেটি আরও আনন্দের। ১১ বিচারকের রায়ে শ্রেষ্ঠ বক্তা হওয়াটা আসলেও উপভোগ করছি।

সতীর্থদের সম্পর্কে রাহাত বলেন, এ দলের সঙ্গে বিতর্ক করে আমি আনন্দিত। কেননা এই দল নিয়েই আমরা এশিয়ান আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা ফাইনাল পর্বে উঠেছিলাম। দলের অন্য সদস্যদের বিষয়ে দলনেতা রাহাত জানান মুসফিকুস আর আকিফের ক্যারিয়ার কেবল শুরু এরই মধ্যে থলিতে অনেক পদক জমা হয়েছে। বিতর্কের অঙ্গনে ওদের অনেক কিছু করার আছে, পাওয়ার সম্ভাবনাও কম নয়।

এছাড়া চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় আয়োজিত ৪র্থ তারল্যা উৎসব আন্তঃবিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কবি জসীম উদ্দিন হল আয়োজিত বিশ্ববিদ্যালয় পর্যায়ের আন্তঃক্রাব বিতর্কে বিজয়ী হন রাহাত।

দলের অন্য সদস্য মুসফিকুস সালেহীন ছানান ইস্টার্ন ড্যাফোর্ডিল, ঢাকা কলেজ, ঢাবি এবং প্রিমিয়াম বিশ্ববিদ্যালয়কে হারিয়ে আমাদের

এ অর্জন। যে সাফল্য পুরো জাবি পরিবারের। মতিঝিল আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ থেকে মাধ্যমিকের পাঠ চুকিয়ে ঢাকা সিটি কলেজে ভর্তি হয় মুসফিকুস। আন্তঃবিশ্ববিদ্যালয় পর্যায়ে ৫ বার ও জাবি ডিবেট অর্গানাইজেশনের আন্তঃবিভাগ পর্যায়ে ও ২০১৪ সালে চুয়েটে চ্যাম্পিয়ান ও শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হন। জাবি সরকার ও রাজনীতি বিতর্ক ক্লাব থেকে অর্থনীতি বিভাগের ডিএসইয়ের পক্ষে চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করেন। কলেজে নিজের উদ্যোগে ডিবেটিং ক্লাব গড়ার কথাও জানান এ তর্কযোদ্ধা।

বিতর্ক চর্চার মধ্যে বেড়ে ওঠা দলের কনিষ্ঠ সদস্য আকিফ মাসুমী বলেন 'চ্যাম্পিয়ন হয়ে অনেক ভাল লাগছে, এটি আমার বিশ্ববিদ্যালয় জীবনের দ্বিতীয় অর্জন। বিতর্কিকদের প্রচুর জ্ঞানার সুযোগ রয়েছে। তাই বিতর্ক করতে ভাল লাগে।

মো. আসাদুজ্জামান গালিব